# চট্টগ্রাম বোর্ড-২০১৪

## বাংলা প্রথম পত্র

বিষয় কোড: ১ ০ ১

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ২০ মিনিট মান-৬০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি অংশ থেকে কমপক্ষে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]*

#### ক বিভাগ-গদ্য

১. ▶ বার্ষিক পরীক্ষা শেষে রূপশ্রী বেড়াতে এসেছে নানা বাড়িতে। চারদিকে শীতের আমেজ। নানা গায়ে জড়ানোর জন্য ওকে বের করে দিল একটি নকশি কাঁথা। কাঁথাটিতে ছিল রং বেরঙের নকশার সূক্ষ্ম কারুকাজ। নানার কাছ থেকে রূপশ্রী জানতে পারল এটি নকশি কাঁথা। গ্রামীণ এই লোক শিল্পটি আজ লুপ্তপ্রায়। বর্ষাকাল ছিল গ্রামের মেয়েদের নকশি কাঁথা তৈরির উপযুক্ত সময়। কাঁথার প্রতিটি সুচের ফোঁড়ের মধ্যে লুকিয়ে আছে এক একটি পরিবারের কাহিনী, তাদের পরিবেশ, তাদের জীবন গাঁথা।

ক. 'আমাদের লোকশিল্প' প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে গৃহীত হয়েছে? ১

খ. 'বর্ষাকাল নকশি কাঁথা তৈরির উপযুক্ত সময়'— উক্তিটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে উল্লিখিত নকশি কাঁথার মতো গ্রামীণ এ লোকশিল্পকে আমরা কীভাবে বাঁচিয়ে রাখতে পারি— ব্যাখ্যা কর। ৩

ঘ. 'কাঁথার প্রতিটি সুচের ফোঁড়ের মধ্যে লুকিয়ে আছে এক একটি পরিবারের কাহিনী, তাদের পরিবেশ, তাদের জীবন গাঁথা'— প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

২. ▶ সৃজনের মা মারা যাওয়ার পর থেকে সৃজন তার মামা বাড়িতে থাকে। তার মামা অনেক বড়লোক অথচ কৃপণ। সৃজনকে আদর যত্ন করলেও টাকা পয়সা দিত না। সৃজন তার মামাকে মনে মনে গালি দিলেও উপরে উপরে শ্রদ্ধা দেখাত। মামা যেন তার কাছে যমের মতো। কিন্তু সেই মামাই মৃত্যুর সময় সৃজনের নামে এক বিঘা জমি উইল করে রেখে যান।

ক. মানিক বন্দ্যোপাধ্যায়ের 'মাঝির ছেলে' কী ধরনের রচনা? ১

খ. নগেন তার মামাকে অন্তর থেকে শ্রদ্ধা ভক্তি করেনি কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'তৈলচিত্রের ভূত' গল্পের কোন ঘটনার সাদৃশ্য আছে—ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকটি 'তৈলচিত্রের ভূত' গল্পের শিক্ষণীয় দিকটির প্রতিনিধিত্ব করে'— বিশ্লেষণ কর। ৪

৩. ▶ ইউনিয়ন পরিষদের নির্বাচনে জয়ী হওয়ার পর চেয়ারম্যান অতুল প্রসাদ সকলের উদ্দেশ্যে শুভেচ্ছা ভাষণে বলেন, আমার একার পক্ষে এ ইউনিয়নের উন্নয়ন সম্ভব নয়। এজন্য আমাদের সবাইকে এগিয়ে আসতে হবে। যার যেটুকু সামর্থ্য আছে তাই নিয়ে এগিয়ে আসতে হবে। তাহলে কেউ আমাদের উন্নয়ন রুখতে পারবে না। তাঁর এ ভাষণে ইউনিয়নের মানুষগুলো একটি আদর্শ ইউনিয়নের স্বপ্ন দেখতে শুরু করে।

ক. ৭ই মার্চের ভাষণটির স্থান কোথায় ছিল? ১

খ. ৭ই মার্চের ভাষণটিকে ঐতিহাসিক ভাষণ বলার কারণ কী? ২

গ. উদ্দীপকে চেয়ারম্যান অতুল প্রসাদের ভাষণের সাথে ৭ই মার্চের ভাষণের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. 'যার যেটুকু সামর্থ্য আছে তাই নিয়ে এগিয়ে আসতে হবে'— চেয়ারম্যান সাহেবের উক্তিটি 'এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম' বিষয়বস্তুর আলোকে বিশ্লেষণ কর। ৪

#### খ বিভাগ-কবিতা

৪. ▶ বাঙালির সনে
মিশে প্রাণে প্রাণে
থাকিব সতত
জীবনে মরণে
বাঙালি আমার
আপনার জন
বাঙালি আমার ভাই।

ক. 'শমন' শব্দের অর্থ কী? ১

খ. 'রেখো মা, দাসেরে মনে, এ মিনতি করি পদে'— কবির এ মিনতির কারণ কী? ২

গ. উদ্দীপকের কবিতাংশের প্রত্যাশা ও কবির প্রত্যাশার তুলনামূলক বিচার কর। ৩

ঘ. 'উদ্দীপকের কবিতাংশ 'বঙ্গভূমির প্রতি' কবিতার সামগ্রিক ভাবকে প্রকাশ করেনি।'— মন্তব্যটি যুক্তি দিয়ে বিশ্লেষণ কর। ৪

৫. ▶ ও গাড়িয়াল ভাই—
নেবে আমায়? দূরের কোন গাঁয়ে?
কত চাও তুমি?
জামাখানা নেবে? কিন্তু অনেক দামি।
সন্ধ্যেই ফিরবো বাড়ি,
নিয়ে চলো আমায়, নইলে দেব আড়ি।
গাঁয়ের কী রূপ,
দু'চোখ ভরে দেখবো আমি, ইচ্ছে করছে খুব।

ক. বুদ্ধদেব বসু কোন জেলায় জন্মগ্রহণ করেন? ১

খ. ছোট পাখিকে আকাশের মুখের তিল বলা হয়েছে কেন? ২

গ. উদ্দীপকের কথক তার জামাখানা দিতে চাওয়ার সাথে 'নদীর স্বপ্ন' কবিতার কোন দিকটির মিল আছে—ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপক ও 'নদীর স্বপ্ন' কবিতার দৃশ্যপট আলাদা হলেও উভয় কবিতায় কিশোর মনের একই অনুভূতি প্রকাশ পেয়েছে"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬. ▶ উদ্দীপক-১: মায়ের ভাষায় কথা বলাতে
স্বাধীন আশায় পথ চলাতে
হাসিমুখে যারা দিয়ে গেল প্রাণ
সেই স্মৃতি নিয়ে গেয়ে যাই গান।

উদ্দীপক-২: ভাইয়ের বুকে রক্ত আজিকে
রক্ত মশাল স্বলে দিকে দিকে।
সংগ্রামী আজ মহাজনতা
কণ্ঠে তাদের নব বারতা,
শহীদ ভাইয়ের স্মরণে।

ক. 'একুশের গান' কবিতার রচয়িতা কে? ১

খ. 'জাগো নাগিনীরা, জাগো কালবৈশাখীরা' বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. 'উদ্দীপক-১: 'একুশের গান' কবিতার কোন ভাবের সঙ্গে সংগতিপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপক-১ ও ২ এ প্রকাশিত চেতনা 'একুশের গান' কবিতার মূল চেতনার সমান্তরাল নয়?"— এ কথার সঙ্গে তুমি কি একমত? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

#### গ বিভাগ-আনন্দ পাঠ

৭. ▶ পিতার আদেশে দ্রৌপদীকে বিয়ে করতে আসেন দেশ-বিদেশের অনেক রাজপুত্র। শর্ত হলো, জলের পাত্রে লক্ষ্য করে উপরে ঝোলানো মাছ তীর দিয়ে যে বিদ্ধ করতে পারবে, সেই দ্রৌপদীকে বিয়ে করতে পারবে। অর্জুন ওপরে ঝোলানো মাছ তীরবিদ্ধ করেন, শর্তমতে দ্রৌপদীর সাথে অর্জুনের বিবাহ হয়।

ক. কৌশল্যার নাম কী? ১

খ. রাজা দশরথ কীভাবে পুত্র সন্তান লাভ করেন? ২

গ. উদ্দীপকের দ্রৌপদীর সাথে 'রামায়ণ-কাহিনী' রচনার কোন চরিত্রের সাদৃশ্য আছে—ব্যাখ্যা কর। ৩

ঘ. অর্জুনের দ্রৌপদী লাভের বিষয়টি কীভাবে 'রামায়ণ-কাহিনী'— রচনায় প্রতিফলিত হয়েছে? বিশ্লেষণ কর। ৪

৮. ▶ নড়াইলের দরিদ্র আকবর মিয়ার স্বপ্ন, একমাত্র ছেলে আনোয়ার পড়ালেখা করে বড় হয়ে সংসারের অভাব দূর করবে। কিন্তু ছেলের মন পড়ে থাকে যন্ত্রপাতির মধ্যে। স্কুল পালিয়ে সে সাইকেল, মোটরসাইকেল মিস্ত্রির দোকানের সামনে চুপচাপ বসে থেকে তাদের কাজ দেখে। একদিন বাবার মৃত্যুর পর তার বিদ্যালয়ের পাঠও চুকে যায়। কিন্তু রয়ে যায় যন্ত্রপাতির নেশা। একটি এনজিও থেকে কিছু টাকা ঋণ নিয়ে সে একটা মোটরসাইকেল ওয়ার্কশপ দেয়। কিছুদিনের মধ্যে সে সাইকেলে মোটর লাগিয়ে দ্রুতগতির সাইকেল মোটর বানিয়ে এলাকায় সাড়া ফেলে দেয়।

ক. বন্য জীবজন্তুর ভয়ে রবিনসনের রাতটা কোথায় কাটল? ১

খ. রবিনসন তার মাথা থেকে পালিয়ে যাওয়ার ইচ্ছেটা বাদ দিতে পারেনি কেন? ২

গ. উদ্দীপকে 'রবিনসন ক্রুশো' রচনায় কোন দিকটি ফুটে উঠেছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আকবরকে রবিনসনের প্রতিমূর্তি বলা যায় কি? তোমার মতের সপক্ষে যুক্তি দিয়ে বিশ্লেষণ কর। ৪

৯. ▶ হাসেম সাহেব বাংলাদেশের একজন প্রধান শিল্পপতি। বিভিন্ন শিল্প কারখানায় তার প্রায় ২০ হাজার কোটি টাকা বিনিয়োগ। আগামী বছর এটা বাড়িয়ে ৭০ হাজার কোটিতে নিয়ে যেতে চান। এ জন্য সম্ভাবনাময় সব খাতেই তিনি কোটি কোটি টাকা বিনিয়োগ করতে থাকেন। তার ব্যবসার শাখা প্রশাখা এত বেড়ে যায় যে এতগুলো প্রতিষ্ঠানের খোঁজখবর রাখাই তার পক্ষে দুষ্কর হয়ে পড়ে। এ সবের চিন্তায় তার ঘুম হয় না। ঘুমের ওষুধ খেয়ে তাকে ঘুমাতে হয়। কিন্তু সেদিন যে ঘুমালেন আর উঠলেন না। চলে গেলেন না ফেরার দেশে।

ক. পাখোমোর প্রতিবেশী মহিলার কতটুকু জমি ছিল? ১

খ. পাখোমোর স্বপ্ন কী ছিল? ২

গ. হাশেম সাহেবের মধ্যে 'সাড়ে তিন হাত জমি' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. 'হাশেম সাহেব এবং পাখোমোর পরিণতি একইসূত্রে গাঁথা'— মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

Teachingbd.com

# চট্টগ্রাম বোর্ড-২০১৪

সময় — ৪০ মিনিট  পূর্ণমান — ৪০  **বাংলা প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা**  বিষয় কোড: | ১ | ০ | ১ |

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

**১. 'বাঙালির বাংলা' রচনায় আমাদের মাতৃভূমিকে কী বলা হয়েছে?**
ⓚ স্রষ্টার দান  ⓛ শ্যামল দেশ
ⓜ স্বর্গভূমি  ⓝ পৃথিবীর স্বর্গ

**২. বৈশাখী মেলা কেন তাৎপর্যপূর্ণ?**
ⓚ এটি জমিদারদের অনুষ্ঠান
ⓛ এটি বণিক অনুষ্ঠান
ⓜ এটি ব্যবসায়ীদের অনুষ্ঠান
ⓝ এটি জাতি, বর্ণ, ধর্ম সকলের অনুষ্ঠান

**৩. শশীর দাদার মৃত্যুতে সীমা এসে সান্ত্বনা দিল। বাক্যটির সাথে 'বাঙালির বাংলা' প্রবন্ধের মিল আছে—**
i. ইতিহাস ঐতিহ্য
ii. সম্প্রীতি
iii. সামাজিকতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i  ⓛ ii ও iii
ⓜ iii  ⓝ i, ii ও iii

**৪. ভাঙ্গা নাট মন্দিরটি কাদের?**
ⓚ বাদলদের  ⓛ লেখকদের
ⓜ বিধুদের  ⓝ তিনুদের

**৫. 'নকশিকাঁথা' বলতে কী বোঝায়?**
ⓚ বাঁকা নকশা করে তৈরি কাঁথা
ⓛ সুন্দর নকশা করে তৈরি কাঁথা
ⓜ সমান্তরাল নকশা করা চাদর
ⓝ সুন্দর নকশা করে সৃষ্ট চাদর

**৬. হাজী মুহম্মদ মহসীন নিঃসন্তান ছিলেন। মৃত্যুর সময় তাঁর সমস্ত সম্পদ গরিব মেধাবী ছাত্রদের জন্য উইল করে দেন। উদ্দীপকের সাথে 'তৈলচিত্রের ভূত' গল্পের কোন বিষয়ের মিল রয়েছে?**
ⓚ ভয়ের  ⓛ সাহসের
ⓜ ভালোবাসার  ⓝ সম্পত্তি উইলের

**৭. 'তৈলচিত্রের ভূত' গল্পটিতে কোন মাসের উল্লেখ আছে?**
ⓚ বৈশাখ  ⓛ জ্যৈষ্ঠ
ⓜ ফাল্গুন  ⓝ চৈত্র

**৮. মিয়ানমার বাংলাদেশের কোন দিকে অবস্থিত?**
ⓚ পূর্ব  ⓛ পশ্চিম
ⓜ উত্তর  ⓝ দক্ষিণ

**৯. পৌর মেয়র জসিমের বয়স মাত্র ৩০ বছর। এ বয়সেই সে এলাকার মানুষের মন জয় করে নিয়েছে শুধু ভালো কাজের মাধ্যমে। উদ্দীপকের জসিমের সাথে 'সুখী মানুষ' নাটিকার মোড়লের বয়সের পার্থক্য কত?**
ⓚ ৪০ বছর  ⓛ ৩৫ বছর
ⓜ ৩০ বছর  ⓝ ২০ বছর

**১০. বরিশালে কাঠের তৈরি কোন বস্তুটি বেশ নিপুণ?**
ⓚ পুতুল  ⓛ ঘর
ⓜ নৌকা  ⓝ দরজা

**১১. ১৯৬৯-এর গণঅভ্যুত্থান কেন হয়েছিল?**
ⓚ দেশের স্বাধীনতার জন্য
ⓛ গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য
ⓜ সামরিকতন্ত্র প্রতিষ্ঠার জন্য
ⓝ খাদ্য ও বস্ত্রের জন্য

**১২. নবাব সাহেব সর্বত্র নিজের 'নবাব' বংশের গরিমা দেখান। উদ্দীপকের বংশের সাথে 'মানবধর্ম' কবিতার কোনটির সাদৃশ্য আছে?**
ⓚ পণপ্রথা  ⓛ জাতভেদ
ⓜ কুলীন প্রথা  ⓝ বংশ গৌরব

**১৩. কয়টি গ্রাম খুঁজেও একটি সুখী মানুষ পাওয়া গেল না?**
ⓚ দুইটি  ⓛ তিনটি
ⓜ পাঁচটি  ⓝ ছয়টি

**১৪. শরৎচন্দ্রের 'বড়দিদি' উপন্যাস কত সালে প্রকাশিত হয়?**
ⓚ ১৯০৩ সালে  ⓛ ১৯০৫ সালে
ⓜ ১৯০৭ সালে  ⓝ ১৯০৯ সালে

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
একটি বাংলাদেশ
তুমি জাগ্রত জনতার
সারা বিশ্বের বিস্ময়
তুমি আমার অহংকার।

**১৫. উদ্দীপকে 'দেশ' কবিতার কোন দিকটি প্রকাশ পেয়েছে?**
i. দেশপ্রেম
ii. প্রকৃতিপ্রেম
iii. মানবপ্রেম
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i  ⓛ i ও ii
ⓜ i ও iii  ⓝ i, ii ও iii

**১৬. উদ্দীপকের মূল প্রায়োগিক দিক কোনটি?**
ⓚ শ্রেষ্ঠত্বের তুলনা
ⓛ অকৃত্রিম ভালোবাসা
ⓜ মানুষের প্রতি ভালোবাসা
ⓝ নিজের দেশের প্রতি অহংকার

**১৭. সুন্দরকে জানার জন্য যে জ্ঞান, তার নাম কী?**
ⓚ জ্ঞানতত্ত্ব  ⓛ নন্দনতত্ত্ব
ⓜ শিল্পকলা  ⓝ চিত্রকলা

**১৮. 'মানবধর্ম' কবিতার স্তবক সংখ্যা কয়টি?**
ⓚ দুটি  ⓛ তিনটি
ⓜ চারটি  ⓝ পাঁচটি

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
বাবা-মায়ের আদরের ছেলেটিকে ঘরের বাইরে যেতে দেওয়া হয় না। তার সমবয়সীরা যখন দৌড়ে এসে নদীতে ঝাঁপ দেয় তখন তারও ঝাঁপ দিতে ইচ্ছে করে।

**১৯. ছেলেটির সঙ্গে 'রাজকুমার' ও ভিখারির ছেলে' গল্পের কার মিল পাওয়া যায়?**
ⓚ টম  ⓛ সৈনিক
ⓜ হিউগ  ⓝ রাজকুমার

**২০. ছেলেটির ইচ্ছা ও রাজকুমারের ইচ্ছা কোন দিক থেকে এক?**
ⓚ স্বাধীন জীবনের প্রতি আকর্ষণ
ⓛ অপরের জীবনের প্রতি আকর্ষণ
ⓜ নদীকে ভালো লাগা
ⓝ দৌড়ানোর আনন্দ

**২১. 'একুশের গান' কবিতায় 'আমি কি ভুলিতে পারি'। চরণটি কয়বার ব্যবহৃত হয়েছে?**
ⓚ দুইবার  ⓛ তিনবার
ⓜ চারবার  ⓝ পাঁচবার

**২২. 'রেখো, মা দাসেরে মনে'। এ পঙক্তিতে প্রকাশ পেয়েছে মাইকেল মধুসূদন দত্তের—**
ⓚ স্মৃতিকাতরতা  ⓛ প্রকৃতিপ্রীতি
ⓜ স্বদেশপ্রেম  ⓝ মহত্ত্ব

**২৩. কতদিন আলী কোজাই-এর খোঁজ পাওয়া যায়নি?**
ⓚ দুই বছর  ⓛ তিন বছর
ⓜ পাঁচ বছর  ⓝ সাত বছর

**২৪. মাঝিকে সিকিটি দেওয়ার প্রস্তাব করেছিল কে?**
ⓚ কানাই  ⓛ ছোকানু
ⓜ জেলে  ⓝ অচেনা লোক

**২৫. 'সে মাটি সোনার বাড়া' চরণটিতে কী প্রকাশ পেয়েছে?**
ⓚ দীনহীন অবস্থা
ⓛ দেশমাতৃকা তথা জন্মভূমির প্রেম
ⓜ মাটি সোনার মতো
ⓝ মাটির মূল্য সোনার মতো

**২৬. 'মার্চেন্ট অব ভেনিস' থেকে যে বিষয়টি অর্জন করতে পারি—**
i. হিংসার পরাজয়
ii. মানবিকতার জয়
iii. রক্ষণশীলতার পরাজয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i  ⓛ i ও ii
ⓜ i ও iii  ⓝ i, ii ও iii

**২৭. সুফিয়া কামাল কোন জেলায় জন্মগ্রহণ করেন?**
ⓚ ঢাকা  ⓛ কুমিল্লা
ⓜ বরিশাল  ⓝ পাবনা

**২৮. 'পাছে লোকে কিছু বলে'— কবিতায় কবি কেন নিজেকে সংগোপনে রাখেন?**
ⓚ সংকোচের কারণে  ⓛ দুর্বলতার কারণে
ⓜ হতাশার কারণে  ⓝ লজ্জার কারণে

**২৯. সকালের এক টুকরো রোদকে কবি 'প্রার্থী' কবিতায় কিসের সাথে তুলনা করেছেন?**
ⓚ হীরা  ⓛ সোনার
ⓜ কৃষক  ⓝ গরম কাপড়

**৩০. 'আবার আসিব ফিরে' কবিতায় কোন নদীর কথা উল্লেখ আছে?**
ⓚ পদ্মা  ⓛ সুগন্ধা
ⓜ রূপসা  ⓝ কীর্তনখোলা

**৩১. নারী কোথায় সিঁথির সিঁদুর দিল?**
ⓚ পীড়নে  ⓛ অভিযানে
ⓜ সাম্যে  ⓝ রণে

**৩২. উপেন জন্মভূমিকে কী বলে ধিক্কার দিয়েছে?**
ⓚ নিলাজ কুলটা  ⓛ নিলাজ জননী
ⓜ নিলাজ দাসী  ⓝ দাসী জননী

**৩৩. 'তুমি আজ জাগো একুশে ফেব্রুয়ারি'— বলতে বোঝানো হয়েছে—**
i. একুশের চেতনাকে জাগ্রত করা
ii. অন্যায়ের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা
iii. দেশের অর্থনৈতিক উন্নয়নকে এগিয়ে নেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii  ⓛ i ও iii
ⓜ ii ও iii  ⓝ i, ii ও iii

**৩৪. কতটুকু জমির মধ্যে পাখোমের সমাধি হলো?**
ⓚ সাড়ে তিন হাত  ⓛ সাড়ে চার হাত
ⓜ সাড়ে পাঁচ হাত  ⓝ সাড়ে ছয় হাত

**৩৫. রবিনসন ফ্রাইডের প্রতি খুবই মুগ্ধ ছিল—**
i. ভক্তির কারণে
ii. ভালোবাসার কারণে
iii. বিশ্বাসের কারণে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii  ⓛ i ও iii
ⓜ ii ও iii  ⓝ i, ii ও iii

**৩৬. দশরথের ছোট স্ত্রীর নাম কী?**
ⓚ সুমিত্রা  ⓛ কৌশল্যা
ⓜ কৈকেয়ী  ⓝ শকুন্তলা

**৩৭. রিপভ্যান পাহাড়ে কী শিকারে যায়?**
ⓚ পাখি  ⓛ শূকর
ⓜ কাঠবিড়ালী  ⓝ বাঘ

**৩৮. 'পূর্ব মাগধী অপভ্রংশ থেকে উদ্ভূত হয়েছে বাংলা'— এই মত কার?**
ⓚ ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ
ⓛ ডক্টর সুনীতি কুমার চট্টোপাধ্যায়
ⓜ ডক্টর মুহম্মদ এনামুল হক
ⓝ ডক্টর হুমায়ুন আজাদ

**৩৯. রোস্তমের স্ত্রীর নাম কী?**
ⓚ তাহমিনা  ⓛ রুদাবা
ⓜ রুকাইয়া  ⓝ তহমিনা

**৪০. রবিনসন কত বছর পর দেশের মাটিতে পা রেখেছিল?**
ⓚ ৩০  ⓛ ৩২
ⓜ ৩৪  ⓝ ৩৫

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓛ | ২ | ⓝ | ৩ | ⓛ | ৪ | ⓚ | ৫ | ⓛ | ৬ | ⓝ | ৭ | ⓝ | ৮ | ⓚ | ৯ | ⓝ | ১০ | ⓜ | ১১ | ⓛ | ১২ | ⓝ | ১৩ | ⓜ | ১৪ | ⓜ | ১৫ | ⓝ | ১৬ | ⓝ | ১৭ | ⓛ | ১৮ | ⓜ | ১৯ | ⓝ | ২০ | ⓚ |
| ২১ | ⓛ | ২২ | ⓚ | ২৩ | ⓚ | ২৪ | ⓚ | ২৫ | ⓛ | ২৬ | ⓛ | ২৭ | ⓜ | ২৮ | ⓚ | ২৯ | ⓝ | ৩০ | ⓜ | ৩১ | ⓜ | ৩২ | ⓛ | ৩৩ | ⓚ | ৩৪ | ⓚ | ৩৫ | ⓝ | ৩৬ | ⓚ | ৩৭ | ⓜ | ৩৮ | ⓛ | ৩৯ | ⓝ | ৪০ | ⓝ |

http://teachingbd.com